ঢাকা বিশ্ববিদ্যালয়

নং.. ৫৯৮ স্বাস্থ্যবীমা ও জীবন বীমা /হিপঅ তারিখ : ৩০ কার্তিক ১৪২৮

15 November 2021

সংশোধিত বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের **সকল নিয়মিত শিক্ষার্থীদের** স্বাস্থ্যবীমা ও জীবনবীমা প্রকল্পের বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের **সাথে যমুনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড** এর বীমা চুক্তি ২ (দুই) বছরের জন্য (০১.০৭.২০২১ হতে ৩০.০৬/২০২৩ পর্যন্ত) করা হয়েছে, যা ১লা জুলাই ২০২১ হতে কার্যকর।

এই প্রকল্পের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত সকল শিক্ষার্থী নিম্নে বর্ণিত স্বাস্থ্যবীমা ও জীবন বীমার সুবিধা ভোগ করতে পারবেন।

ক) জীবন বীমা (মৃত্যুদাবি):

বীমা সুবিধা (আত্মহত্যা এবং এইচআইভি/এইড্স সম্পর্কিত রোগের কারণ ব্যতীত অন্য কোন কারণে মৃত্যু ঘটলে)	=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা

যদি কোন বীমা গ্রহীতা উক্ত চুক্তির আওতায় মারা যান (আত্মহত্যা এবং এইচআইভি/এইড্স সম্পর্কিত রোগের কারণে মৃত্যু ব্যতীত), মৃত্যুর লিখিত প্রমাণ প্রাপ্তির পরে, নিহত সদস্যের বয়সের যথোপযুক্ত প্রমাণ এবং এই চুক্তির বিধান সাপেক্ষে কোম্পানী পলিসি ধারককে তফসিলে উল্লিখিত পরিমাণ অর্থ পরিশোধ করবে এবং উক্ত বীমাকৃত সদস্যের বীমাচুক্তির অবসান ঘটবে। এই জাতীয় অর্থ প্রদানের মাধ্যমে উক্ত সদস্যের বিষয়ে কোম্পানীর সমস্ত দায়বদ্ধতা বিলোপ হবে।

খ) স্বাস্থ্যবীমায় অন্তর্ভুক্ত নিয়মিত শিক্ষার্থীগণ চিকিৎসার ক্ষেত্রে নিম্নরূপ সুবিধা পাবে:

১) হাসপাতালে ভর্তিকালীন রোগীর ক্ষেত্রে প্রতি শিক্ষার্থী বাবদ বার্ষিক বরাদ্দ: প্রতি কনফাইনমেন্টে দৈনিক সুবিধা বছরে সর্বোচ্চ ১০ দিন	=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা
২) দৈনিক চিকিৎসার ক্ষেত্রে ব্যয় : হাসপাতালে থাকাকালীন কেবিন/ওয়ার্ড ভাড়া, হাসপাতাল সেবা, অস্ত্রোপচার জনিত ব্যয়, পরামর্শ ফি, পরীক্ষা-নিরীক্ষার বিল, ঔষধ অন্তর্ভুক্ত	=৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (এই ব্যয় উপরোক্ত ব্যয়ের অর্ন্তভূক্ত)
৩) বহি:বিভাগ চিকিৎসার ক্ষেত্রে প্রতি শিক্ষার্থী বাবদ বার্ষিক বরাদ্দ: বহি:র্বিভাগের পরীক্ষা-নিরীক্ষার ব্যয় এবং চিকিৎসকের পরামর্শ ফি (বিশেষজ্ঞ ডাক্তারের জন্য প্রতি ব্যবস্থাপত্রে সর্বোচ্চ ৫০০/- টাকা)	=১০,০০০/- (দশ হাজার) টাকা (এই ব্যয় উপরোক্ত ব্যয়ের অর্ন্তভূক্ত নয়)
৪) বীমাকৃত শিক্ষার্থীগণের চিকিৎসা সেবা প্রাপ্তি	বীমা কোম্পানি কর্তৃক Listed Hospital এ ভর্তি হয়ে ১ ও ২ নং এ বর্ণিত শর্তমতে সরাসরি Cash less সুবিধা গ্রহণ করতে পারবেন। এজন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.du.ac.bd হতে Gurantee of Payment (GOP) Request Form download করে তা পূরণ করত: Doctors Advice/ Prescription এবং শিক্ষার্থীর আই.ডি কার্ড সহকারে dustudenthealth@gmail.com এ মেইল করে চিকিৎসা সেবা গ্রহন করতে পারবেন। শুধু হাসপাতালে ভর্তি থাকলে প্রয়োজনীয় যোগাযোগ: মো: ছানোয়ার হোসেন, সহকারী হিসাব পরিচালক (স্বাস্থ্যবীমা), ঢাকা বিশ্ববিদ্যালয়। মোবাইল: ০১৭১৫৪১৩৬৩৫ এছাড়া যে কোন Hospital এ ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণ ও **বহি:বিভাগ চিকিৎসা গ্রহণ শেষে** Claim Form পূরণ করত: প্রয়োজনীয় কাগজপত্রসহ তাদের নিজ নিজ বিভাগ/ইনস্টিটিউটে জমা দিয়ে ১, ২ ও ৩ নং এ বর্ণিত শর্তমতে স্বাস্থ্যবীমার অর্থ দাবি করতে পারবেন।
৫) প্রয়োজনীয় যোগাযোগ:	বীমা সংক্রান্ত কাজের জন্য শিক্ষার্থীদের নিজ নিজ বিভাগ/ইনস্টিটিউটের অফিসে যোগায়োগ করতে হবে।
৬) বিভাগ/ইনস্টিটিউটের করণীয়	স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউটের প্রধানগণ শিক্ষার্থীগণের বীমা দাবিকৃত Claim Form যথাযথ স্বাক্ষর করে হিসাব পরিচালকের অফিসের ২১৫ নং কক্ষে প্রেরণ করবেন। হিসাব পরিচালক অফিস বীমা দাবির চেক প্রাপ্তির ব্যবস্থা গ্রহণ করে স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউটে প্রেরণ করবে।
৭) Claim Form ও Gurantee of Payment (GOP) Request Form প্রাপ্তি	ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.du.ac.bd হতে Claim Form ও Gurantee of Payment (GOP) Request Form সংগ্রহ করতে পারবেন।
৮) বীমাকৃত শিক্ষার্থীদের জনপ্রতি প্রিমিয়াম	: বার্ষিক ২৭০.০০ টাকা (শিক্ষার্থী নিজে বহন করবেন)।
৯) প্রিমিয়াম পরিশোধের নিয়মাবলী	ভর্তির সময় এককালীন বাধ্যতামূলক ২৭০ (দুইশত) টাকা প্রতি বৎসর পরিশোধ করবেন। বর্তমানে যে সকল শিক্ষার্থীগণ বার্ষিক প্রিমিয়াম =২৭০/- টাকা জমা দেন নাই তাঁরা https://student.eis.du.ac.bd এ লগইন করে health insurance বাটন ক্লিক করে প্রিমিয়ামের টাকা জমা দিতে পারবেন। টাকা জমা করার পর শিক্ষার্থীগণ স্বাস্থ্যবীমা প্রিমিয়ামের জমা রশিদ পাবেন এবং তা সংরক্ষণ করবেন। এছাড়া বীমার মেয়াদ পর্যন্ত সকল শিক্ষার্থীগণ Website এ Login করে জমা রশিদটি Download করতে পারবেন। স্বাস্থ্যবীমা দাবির সময় প্রয়োজনীয় কাগজপত্রের সাথে টাকা জমা রশিদ দাখিল করতে হবে।

শর্তাবলী:

বীমার অন্তর্ভুক্তি জন্য নিম্নলিখিত শর্তাবলী:

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

- শিক্ষার্থীর বয়স সর্বনিম্ন ১৭ বছর এবং সর্ব্বোচ্চ ২৮ বছর।
- সকল নিয়মিত শিক্ষার্থীদের স্বাস্থ্যবীমায় বাধ্যতামূলক অংশগ্রহণ করতে হবে।
- কোন শিক্ষার্থীর বয়স সীমা ২৮ বছর অতিক্রম করলে অথবা ছাত্রত্ব হারালে বীমা সুবিধা পাওয়া যাবে না।

সাধারণ শর্তাবলী :

নিম্নোক্ত কারণে চিকিৎসা গ্রহণের ব্যয় ইন্স্যুরেন্স কোম্পানী বহন করবে না :

- টিকাদান প্রক্রিয়ার ক্ষেত্রে সংঘটিত ব্যয়।
- পরিবার পরিকল্পনার উদ্দেশ্যে বন্ধ্যাত্বকরণ অথবা প্রজনন সহায়তা সম্পর্কিত চিকিৎসা, গর্ভনিরোধক ব্যয় এবং মহিলাদের স্বাস্থ্যকর পণ্য যেমন- স্বাস্থ্যসম্মত প্যাড সরবরাহ, ইত্যাদি ব্যয়।
- মানসিক, সংবেদনশীল অথবা মানসিক রোগ, মদ্যপান অথবা অন্য কোন ধরনের মাদকাসক্তিজনিত ব্যয়।
- স্থুলতা অথবা স্থুলতা দূরকরণের চিকিৎসা, দূর্ঘটনা বা পোড়াজনিত আঘাত ব্যতীত অন্য কোন প্রকার কসমেটিক বা প্লাস্টিক সার্জারির ব্যয় ।
- কোন পদ্ধতি যা পরীক্ষামূলক বা চিকিৎসা পেশা দ্বারা গ্রহণীয় নয় যেমন- আকুপাংচার, ভেষজ/আয়ূর্বেদিক/হোমিওপ্যাথি চিকিৎসা এবং বিকল্প চিকিৎসা সেবা (এএমসি) ইত্যাদির ব্যয়।
- কর্মবিরতি, আরোগ্যলাভ বা পুনরুজ্জীবন নিরাময়, তাপ স্নান, ফিজিওথেরাপি বা ওজন কমানো বা সৌন্দর্য্যবর্ধনে হাসপাতালে অবস্থানকালে সংঘটিত ব্যয়।
- বেআইনি ক্রিয়াকলাপে অংশগ্রহণের দরুন দূর্ঘটনাজনিত ক্ষত (লাইসেন্স বিহীন গাড়ী চালানো), আত্মহত্যার চেষ্টা, আইন ভঙ্গ বা আইন ভঙ্গের চেষ্টা, বাতুলতা বা ড্রাগের প্রভাব বা ইচ্ছাকৃতভাবে সাধিত নিজের ক্ষতি সম্পর্কিত ব্যয়।
- চোখের নিয়মিত পরীক্ষাকরণ, চশমার ফিটিং, প্রতিস্থাপন (অন্ত:অক্ষি লেন্স, কন্ট্যাক্ট লেন্স) অথবা শ্রবণসহায়ক যন্ত্র, নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা অথবা দন্ত্য চিকিৎসাজনিত ব্যয় যদি না দূর্ঘটনার ফলে পুনর্গঠনমূলক সার্জারির জন্য হাসপাতালে অবস্থান প্রয়োজন হয়।
- যক্ষারোগের নন-অস্ত্রোপ্রচারজনিত চিকিৎসা (জরুরী হাসপাতাল সেবা ব্যতীত), হেপাটাইটিস বি, সি এবং অন্যান্য টিকাদান, দাতা সংশ্লিষ্ট সকল চিকিৎসা ব্যয়, এইচআইভি/এইড্স সম্পর্কিত রোগ।
- ঘুমের ব্যাধি যেমন- নিদ্রাহীনতার চিকিৎসা,নাকডাকা বা নিদ্রায় শ্বাসকষ্টজনিত সমস্যায় সংঘটিত ব্যয়।

যে সমস্ত হাসপাতালে ভর্তি হলে বীমা কোম্পানীকর্তৃক সারাসরি বিল পরিশোধের সুবিধা পাওয়া যাবে তার তালিকা নিম্নে দেয়া হল:

1. Evercare Hospital Limited. Plot-81, Block-E, Bashundhara R/A, Dhaka.
2. AICHI Hospital Limited. H #35, & 37, Sector–8, Abdullahpur, Uttara, Dhaka.
3. Asgar Ali Hospital. 111/1/A, Distillery Road, Gandaria, Dhaka.
4. Dr. Sirajul Islam Medical College & Hospital. 12/3, New Circular road, Malibagh, Dhaka
5. Farazy Hospitla Ltd. Plot#15-19, Block#E, Main Road, Banasree, Rampura , Dhaka-1219.
6. IBN Sina Medical College & Hospital, (All Bangladesh Branch)
7. Japan-Bangladesh Friendship Hospital. 55, Satmaszid road, Dhanmondi R/A, Dhaka-1209
8. Pan Pacific Hospital Ltd. 24, outer Circular Road,Motijheel, Dhaka-1217
9. Radical Hospitals Ltd. 35, Shah Makhdum Avenue, Sector-12, Uttara, Dhaka-1230
10. Shahabuddin Medical College Hospital. House # 15, 16, Road # 113/A, Gulshan-2, Dhaka-1212
11. Samorita Hospital Limited. 89/1, Panthapath, Dhaka-1215
12. Uttara Crescent Hospital. House # 12 Road # 5/A, Sector #11, Uttara, Dhaka-1230.
13. United Hospital Ltd. Plot # 15, Road # 71, Gulshan-2, Dhaka-1212
14. Enam Medical College & Hospital. 9/3, Parboti Nagar, Thana Road, Savar,
15. Chittagong Metropolitan Hashpatal. 698/752, O.R. Nizam Road, GEC, Chittagong.
16. Max Hospital Ltd. 35/36, Mehedibag, Chittagong-4000
17. Evercare Hospital & Diagnostic Center. 63, Kola Bagan, Academy Road, Feni.
18. CDM Hospital. Chowdhury Tower, B-473/474, Laxmipur, Rajshahi.
19. Sheba Poly Clinic. 75/A, Mirer Maidan, Sylhet.
20. Central Hospital Ltd. House-2, Road-5, Green Road, Dhanmondi, Dhaka
21. Anwar Khan Modern Medical College Hospital, House-17, Road-08, Dhanmondi R/A, Dhaka-1205
22. BRB Hospital Ltd. 77/A East Rajabazar, West Panthapath, Dhaka-1215.
23. Ibrahim Cardiac Hospital & Research Institute. 122, Kazi Nazrul Avenue, Shabagh, Dhaka.
24. Birdem General Hospital. 122, Kazi Nazrul Avenue, Shabagh, Dhaka.
25. Bangladesh Specialized Hospital Ltd. 21, Shymoli, Mirpur Road, Dhaka-1207
26. Islami Bank Hospital Ltd. (All Bangladesh Branch)
27. Popular Medical College Hospital (All Bangladesh Branch)
28. Green Life Hospital , Green Road , Dhaka
29. New Life Hospital Ltd.
30. Medinova Medical Services Ltd. (All Bangladesh Branch)

স্বাস্থ্যবীমা দাবী পরিশোধের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে:

ক) হাসপাতালে ভর্তির জন্য ডাক্তার কর্তৃক নির্দেশিকা/প্রেসক্রিপশনের ফটোকপি থাকতে হবে।
খ) হাসপাতাল ত্যাগ এর জন্য হাসপাতাল কর্তৃপক্ষের ছাড়পত্রে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
গ) ডাক্তার কর্তৃক নির্দেশিত সকল প্যাথলজিক্যাল পরীক্ষার রিপোর্টের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
ঘ) হাসপাতালের সকল বিলের মূল কপি দাখিল করতে হবে।
ঙ) ডাক্তার কর্তৃক নির্দেশিত সকল ঔষধ ক্রয় এর মূল বিল দাখিল করতে হবে।
চ) ডাক্তার কর্তৃক অনুমতিপত্র ছাড়া কোন প্রকার ঔষধ ক্রয় করলে তা বীমা কোম্পানী বহন করবে না।
ছ) ডাক্তারের ফি এর মূল বিল/ ডাক্তার কর্তৃক অনুমতিপত্রে টাকার পরিমান উল্লেখ থাকিতে হবে। ডাক্তারের ফি-এর জন্য সত্যায়িত প্রেসক্রিপশন দিতে হবে।

মৃত্যুদাবী পরিশোদের জন্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে:

ক) মৃত শিক্ষার্থীর বয়সের প্রমানপত্র (শিক্ষার্থীর বিভাগ কর্তৃক মৃত্যুসনদের সত্যায়িত কপি), এস.এস.সি /ভোটার আই কার্ড/ জন্ম নিবন্ধন এর কপি দাখিল করতে হবে।
খ) শিক্ষার্থীর নিজ এলাকার ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদের সত্যায়িত ফটোকপি।
গ) এম.বি.বি.এস ডাক্তার কর্তৃক মৃত্যু সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
ঘ) মৃত ব্যক্তির জীবিত অবস্থায় চিকিৎসার সমুদয় কাগজপত্র দাখিল করতে হবে। (প্রয়োজনে)
ঘ) উত্তরাধিকারী সনদপত্র (Succession Certificate) দাখিল করতে হবে। সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট নমিনির বিষয়ে নির্ধারণ করবেন।
ঙ) ময়না তদন্ত রির্পোট এর ফটোকপি বিভাগ/ইনস্টিটিউটের শিক্ষক কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে (প্রয়োজনে)।
চ) পুলিশি তদন্তের প্রতিবেদন এর ফটোকপি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে (প্রয়োজনে)।

স্বাক্ষরিত/-
মো: ছানোয়ার হোসেন
সহকারী হিসাব পরিচালক
মোবাইল নং: ০১৭১৫৪১৩৬৩৫
ঢাকা বিশ্ববিদ্যালয়।

স্বাক্ষরিত/-
হিসাব পরিচালক
ঢাকা বিশ্ববিদ্যালয়